

সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ৪৩৩৫

৩১/ পার্থিব ভোগবিলাসের প্রতি অনাসক্তি (کتاب الزهد)

পরিচ্ছেদঃ ৩১/৩৯. জান্নাতের বর্ণনা

بَاب صِفَةِ الْجَنَّةِ

আরবী

حَدَّقَنَا أَبُو عُمَرَ الضَّرِيرُ، حَدَّثَنَا عَبْدُ الرَّحْمَنِ بْنُ عُثْمَانَ، عَنْ مُحَمَّدِ بْنِ عَمْرٍو، عَنْ أَبِي سَلَمَةَ، عَنْ أَبِي هُرَيْرَةَ، قَالَ قَالَ رَسُولُ اللَّهِ - صلى الله عليه وسلم - " إِنَّ فِي الْجَنَّةِ شَكَرَةً يَسِيرُ الرَّاكِبُ فِي ظِلِّهَا مِائَةَ سَنَةٍ لاَ يَقْطَعُهَا ". وَاقْرَءُوا إِنْ شِئْتُمْ (وَظِلِّ مَمْدُودٍ * وَمَاءٍ مَسْكُوبٍ).

বাংলা

৯/৪৩৩৫। আবৃ হুরায়রা (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ জান্নাতে একটি প্রকান্ড গাছ আছে। এর ছায়া যে কোন আরোহী শত বছর ধরে অতিক্রম করতে থাকবে, কিন্তু তা অতিক্রম করতে পারবে না। তোমরা চাইলে এ আয়াত পড়তে পারো (অর্থঃ) "সম্প্রসারিত ছায়া" (সূরা ওয়াকিয়াঃ ৩০)।

English

It was narrated from Abu Hurairah that the Messenger of Allah (ﷺ) said: "In Paradise there is a tree under whose shade a rider could travel for one hundred years and never leave it." "Recite, if you wish: 'And in shade long-extended (56:30).'"

ফুটনোট

সহীহুল বুখারী ৪৮৮১, মুসলিম ২৮২৬, তিরমিয়ী ২৫২৩, দারেমী ২৭১৬, ২৭১৭। তাহকীক আলবানীঃ সহীহ। উক্ত হাদিসের রাবী ১. আবদুর রহমান বিন উসমান সম্পর্কে আবু আহমাদ আল-হাকিম বলেন, তিনি আহলে ইলমের নিকট নির্ভরযোগ্য নয়। আবু হাতিম আর-রায়ী বলেন, তার থেকে হাদিস গ্রহন করা যায় তবে তা দলীলযোগ্য নয়, তিনি নির্ভরযোগ্য নয়। আবু দাউদ আস-সাজিসতানী বলেন, মানুষ তার হাদিস বর্জন করেছে। আহমাদ বিন



শু'আয়ব আন-নাসায়ী বলেন, আমার দৃষ্টিতে তিনি দুর্বল। ইবনু হাজার আল-আসকালানী বলেন, তিনি দুর্বল। (তাহযীবুল কামালঃ রাবী নং ৩৮৯৭, ১৭/২৭১ নং পৃষ্ঠা) ২. মুহাম্মাদ বিন আমর সম্পর্কে ইবনু হিব্বান বলেন, তিনি সিকাহ তবে ইমাম যাহাবী বলেন, তার পরিচয় সম্পর্কে কিছু জানা যায়নি। আবু হাতিম বিন হিব্বান বলেন, তিনি হাদিস বর্ণনায় ভুল করেন। ইবরাহীম বিন ইয়াকুব আল-জাওযুজানী বলেন, তিনি হাদিসের ক্ষেত্রে নির্ভরযোগ্য নয়। ইবনু হাজার আল-আসকালানী বলেন, তিনি সত্যবাদী তবে হাদিস বর্ণনায় সন্দেহ করেন। ইমাম দারাকুতনী তাকে দুর্বল বলেছেন। (তাহযীবুল কামালঃ রাবী নং ৫৫১৩, ২৬/২১২ নং পৃষ্ঠা)

উক্ত হাদিসটি সহীহ কিন্তু আবদুর রহমান বিন উসমান এর কারণে সানাদটি দুর্বল। হাদিসটির ১৬১ টি শাহিদ হাদিস রয়েছে, ১ টি জাল, ২০ টি খুবই দুর্বল, ৪৪ টি দুর্বল, ৪৫ টি হাসান, ৫১ টি সহীহ হাদিস পাওয়া যায়। তন্মধ্যে উল্লেখযোগ্য হলঃ বুখারী ৩২৫১, ৩২৫৩, ৪৮৮১, ৬৫৫০, মুসলিম ২৮৩০, ২৮৩১, তিরমিযি ২৫২২, ২৫২৩, ৩২৯৩, দারিমী ২৮৩৮, ২৮৩৯, আহমাদ ৭৪৪৬, ৮৯৯০, ২৭৬১৬, ৯৩৬৫, ৯৫২২, ৯৫৬০, ৯৬৩৪, ৯৭১৯, শারহুস সুন্নাহ ৪৩৭০।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন